

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৮৩(আগরতলা, ১৪।০৩)

কুমারঘাট, ১৪ মার্চ, ২০১৮।

বিষ্ণু মেলায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত

এ বছরের রাজ্য ভিত্তিক বিষ্ণুমেলা উপলক্ষ্যে আজ পেচারখল ব্লকের কনফারেন্স হলে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা। সভায় উপস্থিত ছিলেন নবনির্বাচিত বিধায়ক শম্ভুলাল চাকমা, ঊনকোটির জেলা শাসক ও সমাহর্তা সন্দীপ রাঠোর, কুমারঘাট মহকুমা শাসক জয়ন্ত দেববর্মা, বিডিও রিচার্ড জ্যান্ট, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ বিশিষ্ট ব্যক্তিগণ। সভায় নব নির্বাচিত বিধায়ক শম্ভুলাল চাকমাকে মেলা কমিটির সভাপতি করে একটি কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়। আগামী ১৩ এপ্রিল থেকে ১৫ এপ্রিল পর্যন্ত ঊনকোটি জেলার পেচারখল ব্লক এলাকার নবীনছড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই মেলা আয়োজিত হবে। সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী সান্তনা চাকমা এই মেলাকে সর্বাঙ্গিক রূপ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছেন।

\*\*\*\*\*